বাংলাদেশের বিপক্ষে শ্রীলংকার সম্ভাব্য একাদশ

বিশ্বকাপে আশানুরূপ পারফরম করতে পারেনি শ্রীলংকা। অবশ্য তাদের দলটি ছিল নড়বেড়। ষষ্ঠ স্থানে থেকে অভিযান শেষ করেছে তারা। লংকানদের চোখ আগামী বিশ্বকাপে। এ লক্ষ্যে এখন থেকেই দল গোছানোর কথা ভাবছে তারা।

শুরুটা করছে ঘরের মাঠে বাংলাদেশের বিপক্ষে তিন ম্যাচ ওয়ানডে সিরিজ দিয়ে। যার প্রথমটিতে শুক্রবার কলম্বোর প্রেমাদাসা স্টেডিয়ামে খেলতে নামছেন স্বাগতিকরা। ম্যাচটি শুরু হচ্ছে বাংলাদেশ সময় বিকাল ৩টায়।

এ ম্যাচ খেলেই আন্তর্জাতিক ওয়ানডে ক্রিকেটকে বিদায় জানাচ্ছেন লংকান তারকা পেসার লাসিথ মালিঙ্গা। বাংলাদেশের বিপক্ষে একাদশে থাকছেন তিনি তা নিশ্চিত। বিদায়ী ম্যাচে তাকে জয় উপহার দিতে চান অনুজরা। যদিও দলে অভিজ্ঞতার ঘাটতি রয়েছে।

সবকিছু মাথায় রেখেই একাদশ সাজাবে শ্রীলংকা। সুযোগ পাচ্ছেন কয়েকজন উদীয়মান ক্রিকেটার। টাইগারদের বিপক্ষে নামবেন তরুণ আভিস্কা ফার্নান্দো। সঙ্গে অভিজ্ঞ দুই কুশল-পেরেরা ও মেন্ডিস থাকছেন। খেলবেন থিসারা পেরেরা ও অ্যাঞ্জেলো মাথিউস।

বাংলাদেশের বিপক্ষে যেমন হতে পারে শ্রীলংকা একাদশ:

দিমুথ করুনারত্নে (অধিনায়ক), কুশল পেরেরা, আভিস্কা ফার্নান্দো, কুশল মেন্ডিস, অ্যাঞ্জেলো মাথিউস, ধনঞ্জয়া ডি সিলভা, থিসারা পেরেরা, ইসুরু উদানা, নুয়ান প্রদীপ, আকিলা ধনঞ্জয়া ও লাসিথ মালিঙ্গা।